# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 09-07-2026** **Time: 1.40 PM**

রাজ্যের সরকারি হাসপাতালে দালাল চক্র রুখতে রাজ্য সরকার সব ধরনের ব্যবস্থা নিয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আজ বিধাননগরে স্বাস্থ্য ভবনে পৌঁছান। হাসপাতালগুলির উপরে নজরদারির জন্য সম্প্রতি সেখানে যে কন্ট্রোল রুম চালু করা হয়েছে তা ঘুরে দেখেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায়। এরপরে মুখ্যমন্ত্রী স্বাস্থ্য আধিকারিক দেশ সঙ্গে কথা বলেন। তিনি জানান দালাল চক্র রুখতে কলকাতার পরে ৩০ শে জুলাইয়ের মধ্যে মহকুমা হাসপাতালগুলিতেও নজরদারি শুরু হবে। রোগীদের জন্য খাবারের বরাদ্দ ৫৪ টাকা থেকে বাড়িয়ে ১১০ টাকা করা হয়েছে বলে তিনি জানিয়েছেন। পাশাপাশি স্বাস্থ্য কর্মীদের সুরক্ষা দেওয়ার আশ্বাসও দিয়েছেন তিনি।

বাইট

শিল্প গোষ্ঠী আদানি গ্রুপ নিউ টাউনে দুই হাজার শয্যার যে অত্যাধুনিক হাসপাতাল তৈরি করবে সেখানে তার অর্ধেক শয্যা গরিব ও প্রান্তিক মানুষদের জন্য বরাদ্দ থাকবে বলেও মুখ্যমন্ত্রী আজ জানিয়েছেন।

--------------------

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বিভিন্ন দফতরের কাজ নিয়ে শ্বেতপত্র প্রকাশের প্রস্তুতিতে আজ নবান্নে বৈঠকে বসছে মন্ত্রিগোষ্ঠী। অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্তর

নেতৃত্বে এই মন্ত্রিগোষ্ঠীতে রয়েছেন, পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ, শিল্প মন্ত্রী তাপস রায়। মূলত আগের সরকারের আমলে বিভিন্ন দফতরে সার্বিক অব্যবস্থা ও দুর্নীতি নিয়ে এই শ্বেতপত্র প্রকাশ করা হবে।

যে অনিয়মের জন্য বিপুল পরিমাণ ঋণের বোঝা নতুন সরকারের ওপর চেপেছে, অর্থ দফতরের শ্বেতপত্রে তাই তুলে ধরা হবে বলে সম্প্রতি বিধানসভায় অর্থমন্ত্রী জানিয়েছিলেন।

-------------------

রাজ্যে জয়েন্ট এন্ট্রান্সের কাউন্সেলিংয়ের প্রথম পর্বে সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজগুলির সব আসন পূর্ণ হয়েছে। এ বছর ইঞ্জিনিয়ারিংয়ে প্রথম রাউন্ডে ৩৬ হাজার ৪৩১ জন ছাত্রছাত্রীর নাম নথিভুক্ত করেছেন, গতবছরের তুলনায় যা ৩৪ শতাংশের বেশি। গত বছরের তুলনায় ছাত্রীদের ভর্তির হার বেড়েছে প্রায় ৪২ শতাংশ। অন্যদিকে ছাত্রদের ভর্তির হার বেড়েছে প্রায় ৩২ শতাংশ। রাজ্যের ৮৭ টি ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি প্রক্রিয়া শনিবার পর্যন্ত চলবে। মোট তিনটি রাউন্ডে কাউন্সেলিং পর্ব জুলাইয়ের মধ্যেই শেষ হবে। কয়েকদিনের মধ্যেই ফার্মেসি কোর্সে কাউন্সেলিং শুরু হবে।

-------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, মেধাবী ছাত্রছাত্রীরা উচ্চতর শিক্ষার জন্য এরাজ্যকেই বেছে নিচ্ছেন। জয়েন্ট এন্ট্রান্সের কাউন্সেলিংয়ের সব আসন পূর্ণ হয়ে যাওয়া তারই ইঙ্গিত বলে তিনি জানিয়েছেন। শ্রী অধিকারী বলেন, উচ্চশিক্ষার মানোন্নয়নে রাজ্য সরকার দৃঢ়প্রতিজ্ঞ। শিক্ষা প্রতিষ্ঠানগুলির আধুনিকীকরণ ও শ্রেষ্ঠত্বের জন্য সক্রিয় পদক্ষেপ করা হয়েছে বলে তিনি জানিয়েছেন। মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের

প্রতিভাবান যুব সমাজ যাতে রাজ্যেই নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলতে পারেন, তার জন্য সরকার সচেষ্ট।

--------------------

রাজ্যপাল আর এন রবি আজ একদিনের উত্তরবঙ্গ সফরে ২০ টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের সঙ্গে বৈঠক করেছেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমস্যার বিষয়ে শোনেন রাজ্যপাল। পড়ুয়াদের কর্ম সংস্থান নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় স্তরে বৃত্তিমূলক শিক্ষার ওপর জোর দিয়েছেন তিনি। পরে উত্তরকন্যায় একটি বৈঠক যোগ দেওয়ার কথা রাজ্যপালের।

--------------------

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে এনকাউন্টারের ঘটনায় রাজ্য পুলিশের সিআইডি-কে তদন্তের ভার দেওয়া হয়েছে। মঙ্গলবার রাতে ওই এন কাউন্টারে মৃত্যু হয় ধর্ষণ ও খুনের মামলায় অন্যতম অভিযুক্ত প্রভাস মন্ডলের। এই ঘটনায় ইতিমধ্যেই বিচারবিভাগীয় তদন্ত হয়েছে। পুলিশের তরফে জানানো হয়, মঙ্গলবার রাত পৌনে একটা নাগাদ অভিযুক্ত প্রভাসকে নিয়ে অপরাধস্থলে আধিকারিকরা পৌঁছলে প্রভাস এক পুলিশ কর্মীর কাছ থেকে বন্দুক ছিনিয়ে নিয়ে গুলি চালায়। আত্মরক্ষার্থে পুলিশের পাল্টা গুলিতে প্রভাস মন্ডলের মৃত্যু হয়।

--------------------

বারুইপুরের সূর্যপুরে নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনার জেরে গণ পিটুনিতে মৃত্যু, পুলিশের ওপর হামলা, ভাঙচুর ও অগ্নি সংযোগের মামলায় পুলিশ আরও ৮

জনকে গ্রেফতার করেছে। রাতভর অভিযান চালিয়ে বাকিদের পাকড়াও করা হয়। এই নিয়ে এই ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হলো ৩০।

--------------------

উত্তর ২৪ পরগনার  দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্লা খুনের ঘটনায় ফের তৎপর হয়েছে পুলিশ প্রশাসন। এই খুনের ঘটনায় ইতমধ্যেই এস আই টি গঠন করেছে বিধাননগর পুলিশ। নিউটাউনে যে বাড়িতে স্বর্ণ ব্যবসায়ীকে খুন করা হয়েছিল বলে অভিযোগ। সেখানে পুলিশের একটি দল যায়। দলে ছিলেন বিধাননগর পুলিশ, রাজ্য পুলিশের এস টি এফ এবং ফরেন্সিক দল। তাঁরা ওই বাড়ি থেকে নতুন করে নমুনা সংগ্রহ করেন।

গত ২৮-শে অক্টোবর দত্তাবাদে ওই বাড়িতেই জলপাইগুড়ির রাজগঞ্জের তৎকালীন বিডিও প্রশান্ত বর্মণের নেতৃত্বে স্বপন কামিল্লাকে মারধোর করা হয় বলে অভিযোগ। আঘাতের কারণে মৃত্যু হয় ওই ব্যক্তির। ঘটনার তদন্তে নেমে পাঁচজনকে গ্রেফতার করা হলেও প্রশান্ত বর্মন অধরা থেকে যায়। কলকাতা হাইকোর্ট এবং পরে সুপ্রিম কোর্ট নির্দেশ দিলেও প্রশান্ত আত্মসমর্পন করেননি।

--------------------

তৃণমূল কংগ্রেসের তিনটি ব্যাঙ্ক অ্যাকাউন্টে লেনদেন স্বাভাবিক করতে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে প্রাক্তন বিচারপতি সুব্রত তালুকদার এই অ্যাকাউন্টগুলিতে নিয়মিত লেনদেন তদারক করবেন। তৃণমূল কংগ্রেসের দুজন দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের স্বাক্ষরের পর চেকে টাকা তোলার অনুমোদন দেবেন প্রাক্তন বিচারপতি। আগামী ৩০ শে সেপ্টেম্বর পর্যন্ত এই ব্যবস্থা বজায় থাকবে বলে বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, গতকালই অবৈধ অর্থ স্থানান্তরের একটি মামলায় তৃণমূল কংগ্রেসের ৪৪০ কোটি টাকা ফ্রিজ করেছে ইডি।

--------------------

রাজ্যের প্রায় সব জেলাতেই আজ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত ৫ জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা।

এদিকে, দক্ষিণবঙ্গেও আজ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তর ও দক্ষিণ 24 পরগনা জেলায় রয়েছে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা। এছাড়াও নদিয়া, বীরভূম, মুর্শিদাবাদ, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলায় ঘন্টায় 40 থেকে 50 কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

-------------------- --------------------